ফাতওয়া নাম্বার:৩৪১ প্রকাশকালঃ০৫-০৩-২০২৩ ইং

ছেলে সন্তানের জন্য একটি ছাগল দিয়ে আকীকা দিলে কি তা আদায় হবে?

প্রশ্নঃ

সামর্থ্যের অভাবে ছেলের জন্মের সপ্তম দিন আকীকা দিতে পারিনি। সামর্থ্য হলেই দিয়ে দেওয়ার ইচ্ছা আছে। জানার বিষয় হলো, একটি ছাগল দিয়ে আকীকা দিলে কি তা আদায় হবে?

বর্তমানে আমার ছেলেটা নানান অসুস্থতার মধ্য দিয়ে যাচ্ছে, আমরা কী করতে পারি?

নাম- আবদুর রহমান

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

ছেলের সুস্থতার জন্য নিজেদের আমলের ইসলাহ করুন, আল্লাহর সঙ্গে সম্পর্ক ভালো করুন। কারণ পিতা-মাতার বদ আমলের প্রভাবও অনেক সময় সন্তানের উপর পড়ে। সকাল-সন্ধ্যার আযকার নিয়মিত আদায় করুন। প্রতিদিন সকাল-সন্ধ্যা সূরা ফালাক ও সূরা নাস পড়ে ছেলের শরীরে দম করে দিন। ছেলেকে সামনে রেখে নিম্নোক্ত দোয়াটি ৭ বার পড়ুন:

أَسْأَلُ اللهَ العَظِيمَ رَبَّ العَرْشِ العَظِيمِ أَنْ يَشْفِيَكَ

"আরশে আযীমের পালনকর্তা, মহান আল্লাহর নিকট দোয়া করছি, তিনি যেন তোমাকে শিফা দান করেন।"

হাদীসে এসেছে,

عن ابن عباس، عن النبي –صلى الله عليه وسلم–، قال: "من عاد مريضا لم يحضر أجله، فقال عنده سبع مرار: أسأل الله العظيم رب العرش العظيم أن يشفيك، إلا عافاه الله من ذلك المرض". –أخرجه أبو داود في سننه (3156)، والترمذي في جامعه (2083)، وصححه النووي في "الأذكار"، ص: 134، الناشر: دار الفكر للطباعة والنشر والتوزيع، بيروت – لبنان.

"ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত, তিনি বলেন, যে ব্যক্তি এমন কোনও রোগীকে দেখতে যাবে, যার মৃত্যুর সময় এখনও উপস্থিত হয়নি, অতঃপর তার নিকট أَسْأَلُ اللَّهَ العَظِيمَ رَبَّ العَرْشِ العَظِيمِ أَنْ يَشْفِيَكَ এ দোয়াটি সাতবার পাঠ করবে, আল্লাহ তাআলা তাকে ওই রোগ থেকে অবশ্যই আরোগ্য দান করবেন।" –সুনানে আবু দাউদ: ৩১৫৬, জামিউত তিরমিযী: ২০৮৩

নিচের দোয়াটিও ছেলেকে সামনে রেখে প্রতিদিন সকাল-সন্ধ্যা পড়ুন,

أُعِيذُكَ بِكَلِمَاتِ اللهِ التَّامَّةِ، مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ، وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّةٍ

"আমি তোমাকে; শয়তান, বিষাক্ত প্রাণী এবং সমস্ত কুদৃষ্টির অনিষ্ট হতে আল্লাহ তাআলার পরিপূর্ণ কালিমাসমূহের আশ্রয়ে দিচ্ছি।"

হাদীসে এসেছে,

عن ابن عباس، قال: كان النبي – صلى الله عليه وسلم – يعوذ الحسن والحسين "أعيذكما بكلمات الله التامة، من كل شيطان وهامة، ومن كل عين لامة، ثم يقول: كان أبوكم يعوذ بهما إسماعيل وإسحاق". –أخرجه البخاري في "صحيحه" (147/4 رقم الحديث: 3371 ط. دار طوق النجاة) وأبو

داود في سننه، واللفظ له (116/7 رقم الحديث: 4737 ط. دار الرسالة العالمي الطبعة: الأولى، 1430 هـ)

"ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসান এবং হুসাইন রাযিয়াল্লাহু আনহুমার জন্য (উপর্যুক্ত দোয়া পড়ে) পানাহ চাইতেন আর বলতেন, তোমাদের পিতা ইবরাহীম আলাইহিস সালাম ইসমাঈল ও ইসহাক আলাইহিমাস সালামের জন্য এই দোয়া পড়ে পানাহ চাইতেন।" -সহীহ বুখারী: ৩৩৭১; সুনানু আবু দাউদ: ৪৭৩৭

আর সামর্থ্য হলে আকীকাও দিয়ে দেয়ার চেষ্টা করুন। প্রয়োজনে দামি পশুর চিন্তা না করে কম দামে ভেড়া বা আকীকার উপযুক্ত মাদি ছাগল দিতে পারেন। আকীকার আনুষ্ঠানিকতা বর্জন করুন। দুটি পশু আকীকা করতে না পারলে একটি করলেও হবে ইনশাআল্লাহ। হাদীসে এসেছে,

عن ابن عباس: "أن رسول الله – صلى الله عليه وآله وسلم – عق عن الحسن كبشا وعن الحسين كبشا." –أخرجه ابن الجارود (ص: 229 رقم الحديث: 912 مؤسسة الكتاب الثقافية – بيروت، الطبعة: الأولى)، والضياء المقدسي (286/11 رقم الحديث: 282 دار خضر، بيروت – لبنان، الطبعة: الثالثة، 1420 هـ) في "صحيحيهما". وأخرجه أبو داود (461/4 رقم الحديث:2841 دار الرسالة العالمية الطبعة: الأولى، 1430 هـ) بلفظ "عق عن الحسن والحسين كبشا كبشا"، وصححه ابن حزم في المحلى (242/6، دار الفكر – بيروت)، وعبد الحق الإشبلي في الأحكام الوسطى (141/4،

مكتبة الرشد، الرياض)، وابن عبد الهادي في المحرر في الحديث (رقم الحديث: 743، دار المعرفة – لبنان)

"ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসান রাযিয়াল্লাহু আনহুর জন্য একটি দুম্বা এবং হুসাইন রাযিয়াল্লাহু আনহুর জন্য একটি দুম্বা আকীকা করেন।" - সুনানু আবু দাউদ: ২৮৪১; আল-মুনতাকা, ইবনুল জারুদ: ৯১২; আল-আহাদীসুল মুখতারাহ, যিয়াউদ্দিন মাকদিসী: ২৮২

আরও দেখুন, মুসনাদু আবী ইয়ালা: ৫/৩২৩ হাদীস নং ২৯৪৫ দারুল মা' মুন দিমাশক; মুয়াত্তা মালিক: ৩/৭১৬ মুয়াসসাসাতু যায়েদ বিন সুলতান, আবুধাবী; আল-মুহাল্লা: ৬/২৪২ দারুল ফিকর, বৈরুত; রদ্দুল মুহতার: ৬/৩৩৬ দারুল ফিকর; মাওসুয়াহ ফিকহিয়্যাহ: ৩০/২৮০ ওযারাতুল আওকাফ, কুয়েত

والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৮-০৬-১৪৪৪ হি.

১২-০১-২০২৩ ঈ.